পানি পবিত্র, তাকে কোনো জিনিস অপবিত্র করে না।

আবূ সা‘ঈদ আল-খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞেস করা হলো, আমরা কি বুদ্বা‘আহ কূপের পানি দ্বারা অযু করতে পারি? কূপটি এমন ছিলো যেখানে মহিলাদের হায়েযের নেকড়া, কুকুরের
গোশত এবং দুর্গন্ধযুক্ত ময়লা-আবর্জনা নিক্ষেপ করা হতো। উত্তরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন, “পানি পবিত্র, তাকে কোনো জিনিস অপবিত্র
করে না।”
[সহীহ] [এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

এ হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বর্ণনা করেছেন যে, পানি পবিত্র, কোনো নাপাকী এতে মিলিত হলেই তা অপবিত্র হয়ে যায় না; যতক্ষণ না তার রং বা স্বাদ বা গন্ধ পরিবর্তন হয়।

http://sunnah.global/hadeeth/bn/show/8356